# TDP (Honours) 2nd Semester Exam., 2018

## BENGALI

( Honours )

SECOND PAPER

*Full Marks* : 80

*Time* : 3 hours

*The figures in the margin indicate full marks for the questions*

*Candidates are required to give their answers in their own words as far as practicable*

প্রতিটি একক থেকে দুটি করে নিয়ে মোট আটটি প্রশ্নের উত্তর দাও। ৯নং ও ১২নং প্রশ্নের উত্তর দান আবশ্যিক

### প্রথম একক

১। ফোর্ট উইলিয়ম কলেজের পণ্ডিত-মুন্সীদের গদ্যরচনার বিবরণ দাও। এ বিষয়ে অধ্যক্ষের ভূমিকাও উল্লেখ করো। ৫+৫=১০

২। রমেশচন্দ্রের ইতিহাসাশ্রিত উপন্যাসগুলির সংক্ষিপ্ত পরিচয় দাও। সামাজিক উপন্যাস রচনায় তাঁর কৃতিত্ব বিচার করো। ৫+৫=১০

৩। গীতিকবিতার বৈশিষ্ট্যগুলি উল্লেখ করো। গীতিকাব্য রচনায় কবি বিহারীলালের কৃতিত্বের পরিচয় দাও। ৫+৫=১০

## দ্বিতীয় একক

৪। আধুনিক বাংলা কবিতায় কবি সুভাষ মুখোপাধ্যায়ের অবদান সম্পর্কে আলোচনা করো। ১০

৫। হাস্যরসাত্মক ছোটগল্প রচনায় রাজশেখর বসুর কৃতিত্ব উল্লেখ করো। ১০

৬। বাংলা প্রবন্ধ-সাহিত্যে প্রমথ চৌধুরীর অবদান আলোচনা করো। ১০

## তৃতীয় একক

৭। উদাহরণসহ সংজ্ঞা লেখো (যে কোনো চারটি) : ২$\frac{১}{২}$×৪=১০

যতি ; অতিপর্ব ; চরণ ; মাত্রা ; দল ; লয়।

৮। স্বরবৃত্ত বা শ্বাসাঘাতপ্রধান ছন্দ কাকে বলে? এই ছন্দের বৈশিষ্ট্যগুলি উদাহরণসহ লেখো। ২+৮=১০

৯। ছন্দোলিপি প্রস্তুত করো (যে কোনো দুটি) : ৫×২=১০

(ক) তোমার গরবে গরবিনী আমি
রূপসী তোমার রূপে।
হেন মনে করি ও দুটি চরণ
সদা লইয়া রাখি বুকে॥

(খ) দেখিতে পাও না তুমি মৃত্যুদূত দাঁড়ায়েছে দ্বারে
অভিশাপ আঁকি দিল তোমার জাতির অহংকারে।





(গ) আবার যদি ইচ্ছা কর আবার আসি ফিরে
দুঃখসুখের ঢেউ-খেলানো এই সাগরের তীরে।

(ঘ) আমার চিত্তে তোমার সৃষ্টিখানি,
রচিয়া তুলিছে বিচিত্র এক বাণী।
তারি সাথে প্রভু, মিলিয়া তোমার প্রীতি
জাগায়ে তুলিছে আমার সকল গীতি।

## চতুর্থ একক

১০। উদাহরণসহ সংজ্ঞা লেখো (যে কোনো চারটি) : ২$\frac{১}{২}$×৪=১০

ছেকানুপ্রাস ; কাকু-বক্রোক্তি ; লুপ্তোপমা ; অপহ্নুতি ; নিশ্চয় ; ব্যাজস্তুতি।

১১। শ্লেষ ও যমক অলংকারের মধ্যে পার্থক্য উদাহরণ দিয়ে বুঝিয়ে দাও। ১০

১২। অলংকার নির্ণয় করো (যে কোনো দুটি) : ৫×২=১০

(ক) কুঁড়ির ভিতর কাঁদিছে গন্ধ অন্ধ হয়ে।

(খ) শত ছিদ্র করে জীবন-বাঁশি বাজাও হে।

(গ) ক্ষুধার রাজ্যে পৃথিবী গদ্যময়
পূর্ণিমার চাঁদ যেন ঝলসানো রুটি।

(ঘ) অসংখ্য বন্ধনমাঝে মহানন্দময়
লভিব মুক্তির স্বাদ।

***